অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার নিচ্ছে ভিভো

ভিভো বাংলাদেশে ‘সিনিয়র এক্সিকিউটিভ/অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার’ পদে জনবল নিয়োগ দেওয়া হবে। আগ্রহীরা আবেদন করতে পারবেন।

প্রতিষ্ঠানের নাম: ভিভো বাংলাদেশ

বিভাগের নাম: এইচআর অ্যান্ড অ্যাডমিন

পদের নাম: সিনিয়র এক্সিকিউটিভ/অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদসংখ্যা: ০১ জন

শিক্ষাগত যোগ্যতা: এমবিএ (এইচআরএম)
অভিজ্ঞতা: ০৩-০৫ বছর

বেতন: আলোচনা সাপেক্ষে

চাকরির ধরন: ফুল টাইম
প্রার্থীর ধরন: পুরুষ
বয়স: ২৮-৩৩ বছর

কর্মস্থল: ঢাকা

আবেদনের নিয়ম: আগ্রহীরা jobs.bdjobs.com এর মাধ্যমে আবেদন করতে পারবেন।

আবেদনের শেষ তারিখ : ২৪ মার্চ ২০২৩

সূত্র: বিডিজবস ডটকম

অভিনেত্রীর খণ্ডিত লাশ উদ্ধার

স্বামীসহ গ্রেফতার ৪

হংকংয়ের জনপ্রিয় মডেল অ্যাবি চোইয়ে গত বুধবার থেকে নিখোঁজ ছিলেন। অবশেষে এক সপ্তাহ পর সোমবার হংকংয়ের একটি গ্রামের বাড়ি থেকে খণ্ডিত লাশ উদ্ধার করেছে পুলিশ। এ ঘটনায় স্বামীসহ এখন পর্যন্ত চারজনকে গ্রেফতার করা হয়েছে।

এর আগে বুধবার (২২ ফেব্রুয়ারি) অভিনেত্রীর নিখোঁজ হওয়ার খবর জানতে পারে পুলিশ। শনিবার (২৫ ফেব্রুয়ারি) নৌকায় করে শহর ছেড়ে যাওয়ার সময় মডেলের সাবেক স্বামীকে হত্যার অভিযোগে গ্রেফতার করা হয়। আর অভিযুক্তকে গ্রেফতারের একদিন আগেই পুলিশ তার মা-বাবা ও বড় ভাইকে গ্রেফতার করে।

অভিনেত্রীর দেহাবশেষ লুং মেই গ্রামের একটি বাড়ির ফ্রিজ থেকে উদ্ধার করা হয়। সবশেষ চোইকে মঙ্গলবার কাউলুন সিটিতে দেখা গিয়েছিল। সেখান থেকে প্রায় ২৭ কিলোমিটার দূরে একটি বাড়িতে দেহাবশেষ মিলল তার।

পুলিশ সুপার অ্যালান চুং চীনা গণমাধ্যমকে জানিয়েছেন, মডেল ও তার সাবেক স্বামীর পরিবারের মধ্যে আর্থিক বিরোধ ছিল। সেই কলহের জেরে এই হত্যাকাণ্ড ঘটতে পারে।

এদিকে পুলিশ ওই বাড়িতে এখনো অভিনেত্রীর শরীরের সব খণ্ডিত অংশ উদ্ধারে অভিযান চালাচ্ছে। ঘটনাস্থল থেকে মাংসের টুকরো, বৈদ্যুতিক করাত ও মামলায় সংশ্লিষ্ট সন্দেহজনক জিনিসগুলো জব্দ করেছে।

এই অভিনেত্রী চোই কোরিয়ান ‘মোর দ্যান ফ্যামিলি’ সিনেমায় অভিনয় করে প্রশংসিত হয়েছিলেন।

ঝিনাইদহে ধর্ষণ মামলায় যুবকের

যাবজ্জীবন কারাদন্ড

ঝিনাইদহে স্কুলছাত্রীকে ধর্ষণ মামলায় এক যুবকের যাবজ্জীবন কারাদন্ডাদেশ দিয়েছে আদালত। একই সাথে তাকে ১ লাখ টাকা অর্থদন্ডে দন্ডিত করা হয়েছে।

সোমবার দুপুরে জেলার নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক মোঃ মিজানুর রহমান এ রায় প্রদাণ করেন।

মামলার বিবরণে জানা যায়, ২০১৩ সালে ঝিনাইদহ সরকারি বালিকা বিদ্যালয়ের ৯ম শ্রেণীর এক ছাত্রীকে প্রায় উত্যক্ত করত শহরের হামদহ খন্দকারপাড়া এলাকার রেজওয়ানুল ইসলাম জনি। এক পর্যায়ে বিয়ের প্রস্তাবে রাজী না হওয়ায় ২০১৩ সালের ২১ মার্চ কোচিংয়ে যাওয়ার পথে জনি তার সহযোগীদের নিয়ে স্কুলছাত্রীকে অপহরণ করে নিয়ে ধর্ষণ করে। প্রায় ১ সপ্তাহ পর মেয়েটিকে উদ্ধার করে পুলিশ।

এ ঘটনায় নির্যাতিতার পিতা বাদী হয়ে ২ জনের নাম উল্লেখসহ অজ্ঞাতদের আসামী করে থানায় মামলা দায়ের করে। ৩ মাস পর পুলিশ জনিকে অভিযুক্ত করে আদালতে চার্জশীট দাখিল করে। দীর্ঘদিন বিচারিক প্রক্রিয়া শেষে আদালত ওই মামলার রায় ঘোষণা করেন।

শৈলকুপায় হত্যা মামলার পলাতক আসামী ৯ বছর পর গ্রেপ্তার

ঝিনাইদহের শৈলকুপায় হত্যা মামলার পলাতক আসামী ইসাহাক আলীকে ৯ বছর পর গ্রেপ্তার করেছে র্যাব।

সোমবার (২৭ ফেব্রুয়ারি) ভোর রাতে রাজাবাড়ী জেলার বালিয়াকান্দি থানার ধর্মতলা এলাকা থেকে তাকে গ্রেপ্তার করা হয়। সে শৈলকুপা উপজেলার চতুরা গ্রামের মৃত মাহমুদ আলীর ছেলে।

ঝিনাইদহ র্যাব-৬ এর কোম্পানী কোমান্ডার স্কোয়াড্রন লিডার ইশতিয়াক হোসেন জানান, গোপন সংবাদের ভিত্তিতে তারা জানতে পারে

শৈলকুপার চাঞ্চল্যকর আইয়ূব আলী মন্ডল হত্যা মামলার আসামী রাজবাড়ী জেলায় আত্মগোপনে আছে। পরে পুলিশ রাজবাড়ি জেলার বালিয়াকন্দি থানার ধর্মতলা এলাকায় অভিযান চালিয়ে আসামী ইসাহাক আলীকে গ্রেফতার করে। মামলার পর থেকে আসামী দীর্ঘ ৯ বছর ধরে পলাতক ছিলো।

শৈলকুপা উপজেলার চতুড়া গ্রামে নেকবার মন্ডল ও আইয়ূব আলী মন্ডলের মধ্যে জমিজমা নিয়ে বিরোধ চলে আসছিল। এরই জের ধরে ১১ এপ্রিল ২০১৪ সালে ইসাহাক আলীসহ তার সহযোগীরা আইয়ূব আলীকে কুপিয়ে মারাত্ম জখম করে। পরে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

এ বিষয়ে নিহতের ভাই শওকত আলী মন্ডল শৈলকুপা থানায় হত্যা মামলা দায়ের করেন। আদালত আসামীর বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা জারি করেছে।

গ্রেপ্তারকৃত আসামী কে শৈলকুপা থানায় হস্তান্তর করা হয়েছে।

গুগল ফটোজে যুক্ত হচ্ছে ম্যাজিক ইরেজার টুল

গুগল ফটোজ ব্যবহারকারীদের জন্য সুখবর। বর্তমানের তুলনায় আরও সহজে ছবি সম্পাদনার সুযোগ দিতে ‘ম্যাজিক ইরেজার’ টুল যুক্ত করতে যাচ্ছে গুগল। ছবি সম্পাদনার এই টুল কাজে লাগিয়ে ছবিতে থাকা যেকোনো অবাঞ্ছিত ব্যক্তি বা বস্তু সহজেই মুছে ফেলা যাবে। ফলে ভিড়ের মধ্যে ছবি তুললেও নিজের ছবি ভালোভাবে দেখা যাবে।

গুগলের পিক্সেল ফোনে থাকা ছবি সম্পাদনার টুলটি এরই মধ্যে ব্যবহারকারীদের কাছে খুবই জনপ্রিয়তা পেয়েছে। আর তাই আরও বেশিসংখ্যক ব্যবহারকারীকে টুলটি ব্যবহারের সুযোগ দিতেই গুগল ফটোজে ম্যাজিক ইরেজার টুলটি যুক্ত করার সিদ্ধান্ত নিয়েছে গুগল। তবে চাইলেই ব্যবহার করা যাবে না টুলটি। গুগলের ক্লাউডভিত্তিক স্টোরেজ সুবিধা ‘গুগল ওয়ান’–এ নিবন্ধন করা ব্যক্তিরাই শুধু টুলটি ব্যবহার করতে পারবেন।

ম্যাজিক ইরেজার টুলটি গুগল ফটোজের টুল অপশনে যুক্ত করা হবে। ফলে ছবি সম্পাদনার সময় সহজেই টুলটি ব্যবহার করা যাবে। বর্তমানে গুগল ফটোজে কৃত্রিম বুদ্ধিমত্তা প্রযুক্তি (এআই) কাজে লাগিয়ে ছবিতে থাকা বিভিন্ন দৃশ্য মুছে ফেলা যায়। টুলটি যুক্ত হলে ছবি থেকে নির্দিষ্ট ব্যক্তি বা বস্তুর ছবি ম্যানুয়াল পদ্ধতিতে মুছে ফেলার সুযোগ মিলবে।

সূত্র: টাইমস অব ইন্ডিয়া

আইসিসির স্বীকৃতি স্মারক পেলেন মিরাজ

আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিলের (আইসিসি) স্বীকৃতি স্মারক পেলেন মেহেদি হাসান মিরাজ।

২০২২ সালে ওয়ানডেতে অসাধারণ পারফরম্যান্স করেছিলেন মেহেদী হাসান মিরাজ। যার স্বীকৃতি হিসেবে আইসিসির বর্ষসেরা ওয়ানডে দলে জায়গা পান বাংলাদেশের এই অলরাউন্ডার।

বর্ষসেরা একাদশে জায়গা করে নেওয়ার স্বীকৃতি হিসেবে দলে থাকা প্রত্যেক ক্রিকেটারকে বিশেষ স্মারক হিসেবে আইসিসি লোগো সমন্বিত ক্যাপ দিয়েছে। ‘আইসিসি টিম অব দ্য ইয়ার ২০২২’ লেখা সমন্বিত সেই ক্যাপ এসে পৌঁছেছে মিরাজের হাতে।

ইংল্যান্ডের বিপক্ষে ওয়ানডে সিরিজকে সামনে রেখে আজ থেকে শুরু হয়েছে বাংলাদেশ দলের অনুশীলন। মিরপুর শেরেবাংলা স্টেডিয়ামে অনুশীলনে নিজের স্বীকৃতি স্মারক ক্যাপ নিয়েই আসেন মিরাজ।

২০২২ সালে ১৫টি ওয়ানডে খেলে একটি সেঞ্চুরি আর একটি ফিফটির সাহায্যে ৬৬ গড়ে ৩৩০ রান করেন মিরাজ। বোলিংয়ে শিকার করেন ২৪ উইকেট।ৎ

সূত্র: যুগান্তর

মুজিবনগরে গুডনেইবারর্স এর বাৎসরিক পরিকল্পনা সভা অনুষ্ঠিত

মুজিবনগরে গুডনেইবারস বাংলাদেশ মেহেরপুর সিডিপি ২০০৮ সালে প্রতিষ্ঠিত হওয়ার পর থেকেই উপজেলার বাগোয়ান ও মোনাখালী ইউনিয়নের ১৪ টি গ্রাম নিয়ে শিশু শিক্ষা, শিশু স্পন্সর, স্বাস্থ্য, বিশুদ্ধ পানি এবং সেনিটেশন, নেটওয়ার্কিং পার্টনারশিপ, এডভোকেসি এবং সামাজিক অর্থনীতি নিয়ে কাজ করে আসছে।

তারই ধারাবাহিকতায় বছরব্যাপী কি কি কর্মসূচি পালন করা হবে সেই পরিকল্পনা প্রণয়নের জন্যই গুড নেইবারস বাংলাদেশ (পৃথিবীর জন্য সু পরিবর্তন) মেহেরপুর সিডিপি এর আয়োজনে বাৎসরিক পরিকল্পনা সভা (অংশগ্রহন মূলক স্কুল মনিটরিং) অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বিকেলে গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর বল্লভপুর প্রজেক্ট অফিস হলরুমে এই পরিকল্পনা সভা অনুষ্ঠিত হয়।

পরিকল্পনা সভায় গুডনেইবারর্স মেহেরপুর সিডিপি এর প্রজেক্ট ম্যানেজার বিভব দেওয়ানের সভাপতিত্বে,গুডনেইবারর্স এর সিনিয়র প্রোগ্রাম অফিসার রিফাত আল মাহমুদের সঞ্চালনায়,সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার আলাউদ্দিন।

পরিকল্পনা সভায় বছরব্যাপী যে পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে সে বিষয়ে আলোচনা অনুষ্ঠিত হয়। বাৎসরিক পরিকল্পনা সভায় উপজেলার দশটি প্রাথমিক বিদ্যালয় এর প্রধান শিক্ষক সহকারী শিক্ষক এবং স্কুল ম্যানেজিং কমিটির সদস্য অংশগ্রহণ করেন।

দামুড়হুদায় জাতীয় পরিসংখ্যান দিবস পালিত

“পরিসংখ্যান ব্যবহার উন্নয়ন, স্মার্ট বাংলাদেশ গঠন এই প্রতিপাদ্যকে সামনে রেখে” দামুড়হুদায় জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৩ পালিত হয়েছে।

এ উপলক্ষে সোমবার সকাল সাড়ে ৯টার দিকে উপজেলা প্রশাসন ও উপজেলা পরিসংখ্যান অফিসের আয়োজনে উপজেলা চত্বরে র্যালী ও নির্বাহী অফিসারের কার্যালয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান, পরিসংখ্যান তদন্তকারী জিল্লুর রহমান, যুব উন্নয়ন অফিসার আব্দুল্লাহ আল মামুন, সমবায় অফিসার হারুন অর রসিদ, হিসাব রক্ষণ সুপার হাবিবুর রহমান, মৎস অফিসার হামিদুর রহমানসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা বৃন্দ উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় মাদক মামলার আসামি উষা’র যাবজ্জীবন কারাদণ্ড

দামুড়হুদায় মাদক মামলায় আব্দুল্লাহ আল মামুন নামে এক হেরোইন ব্যবসায়ীকে যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছেন আদালত। একইসঙ্গে তাকে ২০ হাজার টাকা অর্থদণ্ড, অনাদায়ে আরো ছয় মাসের বিনাশ্রম কারাদণ্ড দেওয়া হয়েছে।

রবিবার দুপুরে চুয়াডাঙ্গার অতিরিক্ত দায়রা জজ দ্বিতীয় আদালতের বিচারক মাসুদ আলী এ রায় ঘোষণা করেন। দণ্ডপ্রাপ্ত আব্দুল্লাহ আল মামুন দামুড়হুদা উপজেলা সদরের দশমীপাড়ার নজরুল ইসলামের ছেলে। রায় ঘোষণার সময় আসামি আদালতে উপস্থিতি ছিলেন।

জানা গেছে ২০১৭ সালের ৯ জুন বেলা সাড়ে ১১টার দিকে চুয়াডাঙ্গার

দামুড়হুদা উপজেলার দর্শনা দক্ষিণ চাঁদপুর গ্রামে অভিযান চালায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। এ সময় আব্দুল্লাহ আল মামুনের ভাড়া বাড়ি থেকে দুই কেজি ৩৫০ গ্রাম হেরোইন উদ্ধার করেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সদস্যরা। পরে তাকে আটক করে দামুড়হুদা মডেল থানায় সোপর্দ করে মামলা দায়ের করা হয়। ওই মামলার রায়ে তার যাবজ্জীবন কারাদণ্ড প্রদান করা হয়।

দামুড়হুদায় মটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে গাছের সাথে ধাক্কা, আহত ২

দামুড়হুদায় মটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে গাছের সাথে ধাক্কা লেগে দুইজন গুরুতর আহত হয়েছে দুইজনকেই রাজশাহী রেফার্ড করা হয়েছে।

রবিবার রাত ৯টার দিকে দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা টু আরামডাঙ্গা রোডের মাঝামাঝি স্থানে পাকা রাস্তার উপর এই দূর্ঘটনা ঘটে।

আহতরা হলেন দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের পীরপুর কুল্লা গ্রামের হাজী আব্দুল হান্নানের ছেলে হারুন অর রশিদ (৪২),ও একই গ্রামের মৃত সুন্নাত আলীর ছেলে রায়হান (৪৫)।

স্থানীয় সূত্রে জানা গেছে দর্শনা থেকে বাড়ি ফেরার পথে মোটরসাইকেল চালিয়ে যাওয়ার সময় দামুড়হুদা থানাধীন কার্পাসডাঙ্গা টু আরামডাঙ্গা রোডের মাঝামাঝি স্থানে পৌঁছালে মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশে থাকা খেচুর গাছের সঙ্গে ধাক্কা লেগে দুইজন গুরুতর আহত হয়। পথচারীরা দেখতে পেয়ে তাৎক্ষণিক উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে জরুরী বিভাগে নিয়ে আসেন। জরুরী বিভাগের কর্তব্যরত ডাক্তার, শাপলা খাতুন প্রাথমিক চিকিৎসা দিয়ে উন্নত চিকিৎসার জন্য দুইজনকেই রাজশাহী মেডিকেল ও কলেজ হাসপাতালে রেফার্ড করেন।